কুড়িগ্রাম সদর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম।
web: dpe.kurigram.gov.bd

স্মারক নং- ৩৮.০১.৪৯০০.০০০.০০০.১১.০০০১.২৫- ১৭১১

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা, ২০২৫ এর ফলাফলের ভিত্তিতে কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশকৃত এবং প্রাথমিকভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীগণকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী বেতনস্কেল: টাকা ১১০০০- ২৬৫৯০ (গ্রেড ১৩) বেতনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্য পদে ২ নং অনুচ্ছেদের শর্ত অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	রোল নম্বর	উপজেলাভিত্তিক মেধাক্রম	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	৩৮১৩৯২৩	০১	মোঃ আব্দুর রহিম হৃদয় পিতা: মোঃ মোজাম্মেল হক মাতা: মোছাঃ রোকেয়া বেগম	গ্রাম: হিঙ্গানরায় গোস্তিপাড়া ডাক: কুড়িগ্রাম, উপজেলা: কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম	গ্রাম: হিঙ্গানরায় গোস্তিপাড়া ডাক: কুড়িগ্রাম, উপজেলা: কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
২.	৩৮২৩৫৮১	০২	মোছাঃ কনামনি আক্তার পিতা/স্বামী: মোঃ আব্দুল কুদ্দুস মাতা: কল্পনা বেগম	গ্রাম: খামারপাড়া ডাক: কাঁঠালবাড়ী উপজেলা: কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম	গ্রাম: দক্ষিণ প্রাণপতি ডাক: রাজারহাট উপজেলা: রাজারহাট, কুড়িগ্রাম

২। (ক) যোগদানের তারিখ থেকে ২ (দুই) বৎসর পর্যন্ত চাকুরিকাল শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে;
(খ) শিক্ষানবিশকালে কর্মদক্ষতা, আচরণ ও সন্তোষজনক চাকুরির রেকর্ড সাপেক্ষে বিধি মোতাবেক চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে এবং শিক্ষানবিশকালে যে কোন ধরণের অসদাচরণের জন্য কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;
(গ) শিক্ষানবিশকালে কোন ধরণের বদলির আবেদন করা যাবে না;
(ঘ) শিশুকে শারীরিক ও মানসিক নির্যাতন করা যাবে না, করলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ঙ) নিয়োগপ্রাপ্ত শিক্ষক কর্তৃক যে কোন সময়ে সরবরাহকৃত যে কোন তথ্য ও সনদপত্র মিথ্যা/ভূয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং প্রচলিত আইনের বিধান অনুযায়ী তাঁর/তাঁদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে;
(চ) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে যোগদানের পর সরকার নির্ধারিত ০২(দুই) মাসের প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;
(ছ) অন্যূন ০৪ (চার) বৎসরের মধ্যে নির্ধারিত মৌলিক প্রশিক্ষণ (বিটিপিটি) গ্রহণ করতে হবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে ব্যর্থ হলে কিংবা অনুত্তীর্ণ হলে তার চাকরি স্থায়ী করা হবে না এবং চাকরি বিধি অনুসারে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
(জ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
(ঝ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি- বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

৩। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণকে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে হবে;

৪। অনুচ্ছেদ ১, ২ ও ৩-এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **০১/১০/২০২৬ খ্রি. তারিখ বৃহস্পতিবার** অফিস চলাকালীন জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

৫। নিয়োগকৃত শিক্ষকগণ 'বেতন-ভাতাদি প্রাতিষ্ঠানিক কোড নং-১২৪০২০৯০০০০০০ সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ'-এর বেতন-ভাতাদি খাত হতে প্রাপ্য হবেন;

৬। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫- ২০৭, তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি. অনুসারে এ নিয়োগ প্রদান করা হলো।

স্বপন কুমার রায় চৌধুরী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুড়িগ্রাম।
☎ ০২৫৮৭৭২৬০৯৪
e-mail: dpeokurig@gmail.com

স্মারক নং- ৩৮.০১.৪৯০০.০০০.০০০.১১.০০০১.২৫- ১৭১১(২৪)

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা।
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুড়িগ্রাম।
৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)....., কুড়িগ্রাম।
৭. উপজেলা হিসাবরক্ষণ অফিসার (সকল)....., কুড়িগ্রাম।

৮. জনাব.....প্রযত্নে.....

গ্রাম/মহল্লা.....,,,,,,,,.....,,,,,,,,.....ডাকঘর/পোস্ট.....,,,,,,,.....

কোড.....উপজেলা.....জেলা: কুড়িগ্রাম।

৯. সংরক্ষণ নথি।

স্বপন কুমার রায় চৌধুরী
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
কুড়িগ্রাম।